

আপনার কি হেপাটাইটিস বি পরীক্ষা করানো উচিত?




হেপাটাইটিস বি লিভারে আক্রমণ করে লিভার ক্যান্সার সৃষ্টি করে এমন একটি ভাইরাস।



অনেক লোক জানেই না যে তারা সংক্রমিত কারণ তারা অনুভব করে না বা তাদের অসুস্থ দেখায় না কিন্তু তারা তা অন্যদের মাঝে ছড়িয়ে দিতে পারে।



হেপাটাইটিস বি প্রতিরোধ করতে পারে এ রকম নিরাপদ এবং কার্যকরী টিকা রয়েছে।



হেপাটাইটিস বি নিম্নোক্ত উপায়ে ছড়ায়।



জন্মের সময় গর্ভবতী মা থেকে শিশুর মাঝে



যৌন সম্পর্কের মাধ্যমে



সংক্রমিত কোনো ব্যক্তির রক্তের সংস্পর্শ থেকে



রেজর, টুথব্রাস বা নেইল ক্লিপার শেয়ারের মাধ্যমে

হেপাটাইটিস বি নিম্নোক্তভাবে ছড়ায় না:



খাদ্য বা খাবারের থালাবাসন শেয়ারের মাধ্যমে



আলিঙ্গন, চুম্বন বা হাত ধরার মাধ্যমে

কার পরীক্ষা করানো উচিত



গর্ভবতী মহিলাদের



হেপাটাইটিস বি আছে এ রকম রোগীর সাথে থাকা ব্যক্তিদের



আফ্রিকা বা এশিয়ার মতো এলাকায় জন্মগ্রহণকারীদের যেখানে হেপাটাইটিস বি খুবই সাধারণ বা যাদের পিতামাতা ঐসব এলাকায় জন্মগ্রহণ করেছেন



নির্দিষ্ট ঝুঁকির কারণ আছে এমন লোকদের

আরও তথ্যের জন্য দেখুন:

www.cdc.gov/hepatitis/hbv/
doh.wa.gov/hepbhub

Hep B Hub

doh.wa.gov/hepbhub



Washington State Department of

Health

DOH 420-408 May 2022 Bengali

এই নথিটি অন্য ফরম্যাটে পেতে চাইলে 1-800-525-0127 নম্বরে কল করুন।

বধির অথবা কানে কম শুনতে পান এমন গ্রাহকগণ অনুগ্রহ করে 711 (Washington Relay) নম্বরে কল করুন বা civil.rights@doh.wa.gov ঠিকানায় ইমেইল করুন।

Minnesota Department of Health (মিনেসোটা ডিপার্টমেন্ট অব হেলথ)-এর অনুমতি নিয়ে সংযোজিত করা হলো